

মঙ্গলবার, জানুয়ারি ২১, ২০২৫ ■ মাঘ ৭, ১৪৩১

বণিকবার্তা



সাউথইস্ট ব্যাংকের চেয়ারম্যানের সঙ্গে ঢাকা আহুছানিয়া মিশন প্রেসিডেন্টের সাক্ষাৎ

সাউথইস্ট ব্যাংক পিএলসির চেয়ারম্যান এমএ কাশেমের সঙ্গে ঢাকা আহুছানিয়া মিশনের প্রেসিডেন্ট ড. গোলাম রহমানের নেতৃত্বে একটি প্রতিনিধি দল সৌজন্য সাক্ষাৎ করেছে। সম্প্রতি ব্যাংকের প্রধান কার্যালয়ে এ বৈঠক অনুষ্ঠিত হয়। সাক্ষাৎকালে সাউথইস্ট ব্যাংকের এমডি নুরুদ্দিন মো. ছাদেক হোসাইন, ডিএমডি আবিদুর রহমান চৌধুরী ও মাছুম উদ্দিন খান উপস্থিত ছিলেন। এছাড়া অন্যদের মধ্যে ছিলেন ঢাকা আহুছানিয়া মিশনের জেনারেল সেক্রেটারি ইঞ্জিনিয়ার আ ফ ম গোলাম শারফুদ্দিন, আহুছানউল্লা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ট্রাস্টি বোর্ডের সদস্য ড. মোহাম্মদ মহিউদ্দিন এবং আহুছানউল্লা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আশরাফুল হকসহ উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তারা। —বিজ্ঞপ্তি